রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৩, ২০২৪

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ

ঢাকা-১০০০

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/২৩ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও নং ৩১৬-আইন/২০২৪।—বিমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৪৩ এর সাহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা লাইফ বিমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(২) সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,—

(ক) 'আইন' অর্থ বিমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) ;

(খ) 'তফসিল' অর্থ এই প্রবিধানমালার কোনো তফসিল ;

(গ) 'বিমাকারী' অর্থ আইনের ধারা ২ এর দফা (২৫) এ সংজ্ঞায়িত বিমাকারী ; এবং

(ঘ) 'সলভেন্সি মার্জিন' অর্থ আইনের ধারা ২ এর দফা (৩৭) এ সংজ্ঞায়িত সলভেন্সি মার্জিন।

(২) এই প্রবিধানমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বিমা আইনে, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এবং বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **সম্পদের মূল্যায়ন**।—প্রত্যেক লাইফ বিমাকারী তফসিল-১ অনুসারে FORM-VALUE OF ASSETS (VA) মোতাবেক সম্পদের মূল্যায়ন বিবরণী প্রস্তুত করিবে।

৪। **দায়ের পরিমাণ নির্ধারণ**।—প্রত্যেক লাইফ বিমাকারী তফসিল-২ অনুসারে FORM-VALUE OF LIABILITIES (VL) মোতাবেক দায়ের পরিমাণের একটি বিবরণী প্রস্তুত করিবে।

৫। **সলভেন্সি মার্জিন নির্ধারণ**।—প্রত্যেক লাইফ বিমাকারী তফসিল-৩ অনুসারে FROM-REQUIRED SOLVENCY MARGIN (RSM) মোতাবেক প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন এবং FORM-AVAILABLE SOLVENCY (ASM) মোতাবেক অ্যাভেইলেবল সলভেন্সি মার্জিনের একটি বিবরণী প্রস্তুত করিবে।

৬। **সলভেন্সি অনুপাত**।—তফসিল-৩ এ উল্লিখিত লাইফ বিমাকারীর সলভেন্সি অনুপাত হইবে নিম্নরূপ, যথা :—

তারিখ	সলভেন্সির সর্বনিম্ন অনুপাত
(১)	(২)
৩১-১২-২০২৫	১
৩১-১২-২০২৭	১.২
৩১-১২-২০৩০	১.৫
৩১-১২-২০৩২	২

তফসিল ১

(প্রবিধান ৩ দ্রষ্টব্য)

(ক) সম্পদের মূল্যায়ন

সম্পদের মূল্য নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত সম্পদসমূহ শূন্য মূল্য হিসাবে গণ্য করিতে হইবে, যথাঃ—

(ক) আদায়যোগ্য নহে এইরূপ সকল ঋণ ;

(খ) অ-আদায়যোগ্য অগ্রিমসমূহ ;

(গ) আসবাবপত্র, স্থাপিত জিনিসপত্র, ডেড-স্টক, সফটওয়্যার ও স্টেশনারি মালামাল ;

(ঘ) পূর্বপরিশোধিত খরচসমূহ ;

(ঙ) লাভ ও ক্ষতির হিসাব সমন্বয় স্থিতি ;

(চ) পুনঃবিমাকারীর ৬ (ছয়) মাস অধিককালের আনাদায়ী স্থিতি ;

(ছ) কোম্পানি গঠনে প্রাথমিক ব্যয়সমূহ ;

(জ) অস্পর্শযোগ্য (Intangible) সম্পদ ;

(ঝ) অপরিশোধিত প্রিমিয়াম যাহা ৩ (তিন) মাসের মধ্যে অথবা আইনের ধারা ৩২ অনুযায়ী নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত, যাহা পূর্বে ঘটে, সংগৃহীত হয় নাই ;

(ঞ) এজেন্টের স্থিতি যাহা আইনের ধারা ৩২ অনুযায়ী নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত সমন্বয় করা হয় নাই।

(খ) সম্পদের মূল্যায়ন বিবরণী

FORM-VALUE OF ASSETS (VA)

.... খ্রিষ্টাব্দে সম্পদের বিবরণ।

লাইফ বীমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর .... নিবন্ধনের তারিখ ....

ক্রমিক নম্বর	সম্পদের শ্রেণি	পরিমাণ (সহস্র এককে)		মোট (৩)+(৪)
		পলিসি গ্রাহকগণের তহবিল	শেয়ার হোল্ডারগণের তহবিল	
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	নগদ এবং নগদতুল্য			
২।	সরকারি সিকিউরিটিস (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যাহা কম হয়)			
৩।	স্থায়ী আমানত (যে পরিমাণ আদায়যোগ্য হয়)			
৪।	শেয়ারে বিনিয়োগ (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যাহা কম হয়)			
৫।	মিউচুয়াল ফান্ড (ফেয়ার ভ্যালু, নেট অ্যাসেট ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যাহা কম হয়)			
৬।	ডিবেঞ্চার/বন্ড (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যাহা কম হয়)			
৭।	অন্যান্য সিকিউরিটিস (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যাহা কম হয়)			
৮।	স্থাবর সম্পত্তিতে বিনিয়োগ-স্থাবর সম্পত্তি (ক্রয় মূল্য, অথবা ফেয়ার ভ্যালু এর মধ্যে যাহা কম হয়)			
৯।	অন্যান্য স্পর্শনীয় (Tangible) সম্পদ (ক্রয় মূল্য, অবচায়িত মূল্য, অথবা ফেয়ার ভ্যালু এর মধ্যে যাহা কম হয়)			
১০।	পলিসি লোন			
১১।	মোট সম্পদ			

তফসিল ২

(প্রবিধান ৪ দ্রষ্টব্য)

(ক) দায়ের মূল্যায়ন

(ক) এই তফসিলে—

(১) 'একচ্যুয়ারিয়্যাল মূল্যায়ন এর তারিখ' অর্থ সংশ্লিষ্ট আর্থিক বিবরণীর তারিখ ; এবং

(২) 'একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ' অর্থ আইনের ধারা ৩০ এর উপ-ধারা (৭) এ উল্লিখিত দায়ের সর্বনিম্ন একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ।

(খ) একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ নির্ধারণের পদ্ধতি।— একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ নির্ধারণের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা :—

(১) প্রত্যেক বিমাকারীর পরিকল্প বা প্ল্যানের জন্য আলাদাভাবে একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ নির্ধারণ করিতে হইবে ;

(২) একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ গ্রস প্রিমিয়াম পদ্ধতিতে মূল্যায়ন করিতে হইবে ;

(৩) বিমা পলিসিরি নির্ধারিত গ্রস প্রিমিয়ামের পরিমাণ পলিসির মধ্যে অন্তর্ভুক্ত সুবিধাদি প্রদানের জন্য পর্যাপ্ত হইতে হইবে :

তবে শর্ত থাকে যে, বোনাস, অফিস খরচ অথবা অন্যান্য মাসুল উক্ত প্রিমিয়াম অংকের মধ্যে অন্তর্ভুক্ত হইবে না ;

(৪) গ্রস প্রিমিয়াম হইতে একচ্যুয়ারিয়্যাল নীতিসমূহ ব্যবহার করিয়া বড় ধরনের প্রারম্ভিক খরচ সমন্বয় করা যাইবে ;

(৫) প্রত্যেক পলিসির দায় মূল্যায়নের ক্ষেত্রে, সকল প্রাসঙ্গিক বিষয় বিবেচনাপূর্বক যুক্তিসঙ্গত অনুমানের ভিত্তিতে দায় মূল্যায়ন করিতে হইবে ;

(৬) যদি নিয়োজিত একচ্যুয়ারি কোনো পলিসির একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ নেতিবাচক দেখিতে পান সেইক্ষেত্রে তাহা শূন্য হিসাবে নির্ধারণ করিবেন ;

(৭) যেইক্ষেত্রে কোনো পলিসির মূল্যায়নে একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ নির্ধারিত প্রতিশ্রুত সমর্পণ মূল্য (Specified guaranted surrender value) এর চেয়ে কম হয় সেইক্ষেত্রে নিয়োজিত একচ্যুয়ারি নির্ধারিত প্রতিশ্রুত সমর্পণ মূল্যকে একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ হিসাবে নির্ধারণ করিবেন ;

(৮) উপরি-উক্ত ক্রমিক নং (৬) এবং (৭) এ উল্লিখিত ক্ষেত্রসমূহ ব্যতীত সকল ক্ষেত্রে কোনো পরিবর্তন ব্যতিরেকে একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ নির্ধারণ করিতে হইবে ;

(৯) দায়ের মূল্যায়ন পদ্ধতি এবং অনুমানসমূহ এক বৎসর হইতে অন্য বৎসরে প্রয়োজন সাপেক্ষে পরিবর্তন করা যাইবে ;

(১০) যদি নিয়োজিত একচ্যুয়ারি গ্রস প্রিমিয়াম মূল্যায়ন পদ্ধতি ব্যতীত অন্য কোনো মূল্যায়ন পদ্ধতি প্রয়োগ করা যুক্তিযুক্ত মনে করেন, তবে সেই পদ্ধতি ব্যবহার করা যাইবে :

তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে নিয়োজিত একচ্যুয়ারিকে এই মর্মে সন্তুষ্ট হইতে হইবে যে, উক্ত পদ্ধতি প্রয়োগের মাধ্যমে মূল্যায়িত একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ গ্রস প্রিমিয়াম পদ্ধতিতে মূল্যায়িত একচ্যুয়ারিয়্যাল রিজার্ভের কম হইবে না ; এবং

(১১) নিয়োজিত একচ্যুয়ারিকে তাহার প্রতিবেদনে ব্যবহৃত পদ্ধতির যৌক্তিকতা উল্লেখ করিতে হইবে।

(গ) **পলিসি অপশন**।—পলিসিতে বিমাগ্রাহক কর্তৃক প্রদত্ত অপশনজনিত দায় বিবেচনাপূর্বক আনিয়া একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ মূল্যায়ন করিতে হইবে।

(ঘ) **মূল্যায়নের ভিত্তি**।—দায় মূল্যায়নের ভিত্তি হইবে নিম্নরূপ, যথা :—

(১) একচ্যুয়ারিয়্যাল ভিত্তি (Basis) অনুযায়ী একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ গণনা করিতে হইবে এবং পরিকল্প বা প্ল্যানের জন্য যথাযথ মূল্যায়ন মাত্রা নির্ধারণ করিতে হইবে ;

(২) বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত Mortality Table ও Morbidity Rate ব্যবহার করিতে হইবে ; এবং

(৩) দায় মূল্যায়নের ক্ষেত্রে অংশগ্রহণকারী (Participating) পলিসি ও অ-অংশগ্রহণকারী (Non-participating) পলিসিতে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সুদ হার প্রস্তাব করা যাইবে।

(ঙ) **পুনঃবিমা**।—পুনঃবিমার ক্ষেত্রে নিম্নরূপ বিষয় বিবেচনা করিতে হইবে, যথা :—

(১) এই প্রবিধানমালা পুনঃবিমাকারীদের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে ; এবং

(২) পুনঃবিমা প্রদানকারী বিমাকারীদের ক্ষেত্রেও এই প্রবিধানমালা প্রযোজ্য হইবে, তবে উহা ঝুঁকি গ্রহণের সক্ষমতা (Net sum at risk retained) পর্যন্ত বিবেচ্য হইবে।

(চ) **সংযুক্ত ব্যবসায়ের (Linked business) জন্য অতিরিক্ত শর্তাবলি।**—সংযুক্ত ব্যবসায়ের জন্য অতিরিক্ত শর্তাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(১) সংযুক্ত ব্যবসায়ের রিজার্ভ দুইটি উপাদানের সমন্বয়ে গঠিত হইবে, যথা—ইউনিট রিজার্ভ এবং নন-ইউনিট রিজার্ভ ;

(২) মূল্যায়নের তারিখে ইউনিটের মূল্য ও চলমান পলিসিতে বরাদ্দ ইউনিট ব্যবহার করিয়া ইউনিট রিজার্ভ গণনা করিতে হইবে ; এবং

(৩) নন-ইউনিট রিজার্ভ নির্ধারণে নিম্নরূপ বিষয়গুলি বিবেচনা করিতে হইবে, যথা :—

(অ) মরণোত্তর সুবিধা (Death benetfits) যদি থাকে, যাহা নন-ইউনিট তহবিল প্রদত্ত এবং ইউনিট মূল্যের অধিক ;

(আ) নন-ইউনিট তহবিল হইতে ব্যয়িত ব্যবস্থাপনা ব্যয় ; এবং

(ই) প্রত্যর্পণ মূল্য অথবা মৃত্যুদাবি বা মেয়াদোত্তীর্ণ দাবিতে নিশ্চয়তা (guarantee), যদি থাকে, সেই সংক্রান্ত ব্যয়।

(ছ) **ইসলামী লাইফ বিমা ব্যবসা।**—ইসলামী লাইফ বিমা ব্যবসার ক্ষেত্রে নিম্নরূপ বিষয় বিবেচনা করিতে হইবে, যথা :—

(১) ইসলামী লাইফ বিমা ব্যবসায় ঝুঁকির জন্য রিজার্ভ এবং বিনিয়োগের জন্য রিজার্ভ এই দুই ধরনের রিজার্ভ গণনা করিতে হইবে ;

(২) ঝুঁকির জন্য রিজার্ভ গণনার ক্ষেত্রের দফা (খ) অনুযায়ী একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ নির্ধারণের পদ্ধতি প্রযোজ্য হইবে ; এবং

(৩) অংশগ্রহণকারীদের তহবিলের সম্পদের মূল্য বিনিয়োগ তহবিলের মূল্য হিসাবে গণ্য হইবে এবং বিনিয়োগের ক্ষেত্রে উহা রিজার্ভ হিসাবে গণনা করিতে হইবে।

(জ) **অন্যান্য বিমা ব্যবসা।**—এই প্রবিধানমালায় বর্ণিত হয় নাই এইরূপ লাইফ বিমা ব্যবসার ক্ষেত্রে নিয়োজিত একচ্যুয়ারি কর্তৃক সাধারণভাবে গ্রহণীয় একচ্যুয়ারিয়্যাল নীতিমালা দ্বারা রিজার্ভ নির্ধারণ করিতে হইবে।

(ঝ) **সঞ্চিতির শর্ত।**—যেইক্ষেত্রে প্রত্যেক পলিসির জন্য একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ গণনা করা সম্ভব নহে, সেইক্ষেত্রে একচ্যুয়ারি নিম্নরূপ বিষয়ে একত্রিত সঞ্চিতি রাখিবেন, যথা :—

(১) অবলিখন পর্যায়ে নিম্নমানের জীবন (Sub standard lives) এর বিভিন্ন ঝুঁকি যথা—পেশাগত ঝুঁকি, অতিরিক্ত ওজন, কম ওজন, ধূমপানজনিত ঝুঁকি, স্বাস্থ্য ঝুঁকি, জলবায়ু ও ভৌগলিক ঝুঁকির জন্য গৃহীত অতিরিক্ত প্রিমিয়াম ;

(২) তামাদি পলিসি যাহা মূল্যায়নে সম্পৃক্ত হয় নাই কিন্তু যাহাতে কোনো ঝুঁকি বিদ্যমান বা ঝুঁকি উদ্ভূত হইতে পারে ;

(৩) একক ও গ্রুপ বিমা পলিসিতে প্রদত্ত নিশ্চয়তা (guarantees) এবং প্রদত্ত অপশন (option) ;

(৪) যেইক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় পলিসি ইস্যু করা হয়, সেইক্ষেত্রে বিনিময় হারের পার্থক্য ; এবং

(৫) পরিশোধিত পলিসি (Paid up policies) এর সম্ভাব্য ভবিষ্যৎ ব্যয়।

(ঞ) অন্যান্য দায়।—অন্যান্য দায়সমূহ হইবে নিম্নরূপ, যথা :—

(১) মন্দ ও সন্দেহযুক্ত ঋণের বিপরীতে রিজার্ভ ;

(২) ঘোষিত বা সুপারিশকৃত ডিভিডেন্ড এবং পূর্ণ অপরিশোধিত ডিভিডেন্ডের বিপরীতে রিজার্ভ ;

(৩) করের বিপরীতে রিজার্ভ ;

(৪) বিবিধ পাওনাদারের বিভিন্ন প্রাপ্য ;

(৫) অন্যান্য দায় ;

(৬) সঞ্চিত প্রিমিয়াম ;

(৭) অপ্রত্যাশিত ক্ষতির বিপরীতে রিজার্ভ ;

(৮) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হইতে ঋণ ও ঋণের অপরিশোধিত সুদ ;

(৯) বিমা ব্যবসায়রত অন্য বিমা কোম্পানির নিকট বকেয়ার পরিমাণ ;

(১০) বকেয়া নেট দাবিসমূহ ; এবং

(১১) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যে কোনো দায়।

(ট) দায় বিবরণী।—প্রত্যেক বিমাকারী FORM-VALUE OF LIABILITIES (VL) অনুযায়ী একটি দায় বিবরণী প্রস্তুত করিবে।

(খ) দায়ের মূল্যায়ন বিবরণী

FORM-VALUE OF LIABILITIES (VL)

.... খ্রিষ্টাব্দে দায়ের বিবরণ।

লাইফ বিমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর .... নিবন্ধনের তারিখ ....

কোটি টাকায়

বিবরণ (১)	একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ (বোনাসসহ, যেইক্ষেত্রে বরাদ্দ রহিয়াছে) (২)
১. গতানুগতিক লাইফ বিমা : (ক) একক বিমা (খ) গ্রুপ ও স্বাস্থ্য বিমা (গ) অন্যান্য (যদি থাকে)	
মোট- (১)	
২. ইসলামী লাইফ বিমা (............মডেল)* ২.১. ঝুঁকির ক্ষেত্রে দায়— (ক) একক বিমা (খ) গ্রুপ ও স্বাস্থ্য বিমা (গ) অন্যান্য (যদি থাকে) ২.২. বিনিয়োগের ক্ষেত্রে দায়	
মোট- (২)	
৩. সংযুক্ত ব্যবসা (Linked Business) (ক) ইউনিট রিজার্ভ (খ) নন-ইউনিট রিজার্ভ	
মোট- (৩)	
সর্বমোট- (১+২+৩)	

* ইসলামী লাইফ বিমার ক্ষেত্রে কোনো লাইফ বিমাকারী যদি একাধিক মডেল ব্যবহার করে তবে কলাম ১ এর ক্রমিক নম্বর ২ এ ব্যবহৃত মডেল অনুযায়ী আলাদাভাবে করিতে হইবে।

তফসিল-৩

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

(ক) লাইফ বিমাকারীর সলভেন্সি মার্জিন নির্ধারণ

১। এই তফসিলে—

(ক) 'অ্যাভেইলেবল সলভেন্সি মার্জিন' অর্থ লাইফ বিমার সম্পদের মূল্যায়ন (FORM-VA) এবং দায় মূল্যায়নের FORM-VL এর মধ্যে পার্থক্য (FORM-VA এর সম্পদ-FORM-VL এর দায়) এবং পলিসি গ্রাহকগণের তহবিল ও শেয়ারহোল্ডাগণের তহবিলের বিপরীতে দায়সমূহ বাদ দেওয়ার পর যাহা থাকিবে ; এবং

(খ) 'সলভেন্সি অনুপাত' অর্থ অ্যাভেইলেবল সলভেন্সি মার্জিন (ASM) ও প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন (RSM) এর অনুপাত।

২। প্রত্যেক বিমাকারী FORM-REQUIRED SOLVENCY MARGIN (RSM) অনুযায়ী প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন গণনা করিবে।

(খ) FORM-REQUIRED SOLVENCY MARGIN (RSM)

লাইফ বিমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর ....নিবন্ধনের তারিখ ....

কোটি টাকায়

বিবরণ	একচ্যুয়ারিয়াল রিজার্ভ (বোনাসসহ, যেইক্ষেত্রে বরাদ্দ রহিয়াছে)	ফ্যাক্টর	প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন (RSM) (২) × (৩)
(১)	(২)	(৩)	(৪)
১. গতানুগতিক লাইফ বিমা :		৪%	
(ক) একক বিমা		৩%	
(খ) গ্রুপ ও স্বাস্থ্য বিমা		২%	
(গ) অন্যান্য (যদি থাকে)			
মোট- (১)			
২. ইসলামী লাইফ বিমা (.......মডেল)*		৪%	
২.১. ঝুঁকির ক্ষেত্রে দায়—		৩%	
(ক) একক বিমা		২%	
(খ) গ্রুপ ও স্বাস্থ্য বিমা		৪%	
(গ) অন্যান্য (যদি থাকে)			
২.২. বিনিয়োগের ক্ষেত্রে দায়			
মোট- (২)			
২. সংযুক্ত ব্যবসা (Linked Business)		৪%	
(ক) ইউনিট রিজার্ভ		৪%	
(খ) নন-ইউনিট রিজার্ভ			
মোট- (৩)			
সর্বমোট- (১+২+৩)			

* ইসলামী লাইফ বিমার ক্ষেত্রে কোনো লাইফ বিমাকারী যদি একাধিক মডেল ব্যবহার করে তবে কলাম ১ এর ক্রমিক নম্বর ২ এ ব্যবহৃত মডেল অনুযায়ী আলাদাভাবে করিতে হইবে।

(গ) FORM – AVAILABLE SOLVENCY MARGIN (ASM)

লাইফ বিমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর ....নিবন্ধনের তারিখ ....

ক্রমিক নম্বর	বর্ণনা	পরিমাণ
(১)	(২)	(৩)
১।	পলিসি গ্রাহকগণের তহবিলে সমন্বয়কৃত সম্পদ	
২।	একচ্যুয়ারিয়্যাল রিজার্ভ	
৩।	পলিসি গ্রাহকগণের তহবিলের অন্যান্য দায়	
৪।	পলিসি গ্রাহকগণের তহবিলে অতিরিক্ত (১-২-৩)	
৫।	শেয়ারহোল্ডারগণের তহবিলে সমন্বয়কৃত সম্পদ	
৬।	শেয়ারহোল্ডারগণের তহবিলের অন্যান্য দায়	
৭।	শেয়ারহোল্ডারগণের তহবিলে অতিরিক্ত (৫-৬)	
৮।	অ্যাভেইলেবল সলভেন্সি মার্জিন (ASM) (৪+৭)	
৯।	প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন (RSM)	
১০।	সলভেন্সি অনুপাত (৮÷৯ অর্থাৎ ASM/RSM)	

টীকা :

(১) সমন্বয়কৃত সম্পদ FORM-VA এ উল্লিখিত পলিসি গ্রাহকগণের তহবিলের নিরিখে সম্পদের মূল্য হইবে ;

(২) মোট দায় FORM-VL এ প্রদর্শিত মোট দায়ের পরিমাণ হইবে ;

(৩) পলিসি গ্রাহকগণের তহবিলের অন্যান্য দায় আর্থিক বিবরণীতে উল্লিখিত পলিসি গ্রাহকগণের তহবিল হইতে উদ্ভূত অন্যান্য দায়ের পরিমাণ হইবে ;

(৪) সমন্বয়কৃত সম্পদ FORM-VA এ প্রদর্শিত শেয়ারহোল্ডারগণের তহবিলের নিরিখে সম্পদের মূল্য হইবে ; এবং

(৫) শেয়ারহোল্ডারগণের তহবিলের অন্যান্য দায় আইনের ধারা ৩২ এর অধীন প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে উল্লিখিত শেয়ারহোল্ডারগণের তহবিল হইতে উদ্ভূত অন্যান্য দায়ের পরিমাণ হইবে।

....	....	....
একচ্যুয়ারির স্বাক্ষর	ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর	নিরীক্ষকের স্বাক্ষর

কর্তৃপক্ষের আদেশক্রমে

ড. এম. আসলাম আলম
চেয়ারম্যান
বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd